গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪ আবদুল গণি রোড, ঢাকা-১০০০।
www.rd.gov.bd

স্মারক নম্বর: ১০.০৫.০০০০.০০০.০০৪.০১.০০১.২৬-২৮৫(৬১) তারিখ: ২১ জুন ২০২৬ খ্রি.।

**বিষয়: টিসি শাখার 'আইজিআর তহবিল' হতে উদ্ভূত অডিট আপত্তি সংক্রান্ত ।**

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট গোচরীভূত হয়েছে যে, নিবন্ধন অধিদপ্তরসহ মাঠ পর্যায়ের অফিসসমূহে (জেলা ও সাব রেজিস্ট্রারের কার্যালয়) সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর কর্তৃক অডিট আপত্তি উত্থাপন করা হচ্ছে। যার দরুণ, চাকরি শেষে পেনশন প্রাপ্তিতে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে বা পেনশন প্রাপ্তিতে অডিট আপত্তি নিষ্পত্তির জন্য বিলম্বিত হচ্ছে।
এ প্রসঙ্গে সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে উল্লেখ করা যাচ্ছে যে, ১৯৫৯ খ্রি. সনের প্রেসিডেন্ট আদেশ ন. ১৮ বলে গঠিত মৌলিক গণতন্ত্র (Basic Democracy) এর আর্টিক্যাল-৬০ অনুসারে জেলা পরিষদ, ইউনিয়ন পরিষদকে করারোপ এর ক্ষমতা প্রদান করা হয়। উক্ত আদেশের আর্টিক্যাল-৬২ এ বর্ণিত 'মডেল ট্যাক্স সিডিউল ' অনুযায়ী সম্পত্তি হস্তান্তর দলিলে (ধর্মীয়, দাতব্য, ক্রীড়া ও অন্যান্য সাংস্কৃতিক প্রতিষ্ঠানে দান ও উইল ব্যতিরেকে) প্রদর্শিত মূল্যের ১% হারে বিডি কর (basic democracy tax) বর্তমান সময়ে LG Tax (local government tax-স্থানীয় সরকার কর) আদায়ের ব্যবস্থা গৃহীত হয়। ১৯৬৬ খ্রি. সন হতে উক্ত কর হতে ৮% হারে কর্তনকৃত সার্ভিস চার্জ এর অর্থ দ্বারা বাজেট বহির্ভুত 'আইজিআর তহবিল' গঠন করা হয়।

০২। স্থানীয় সরকার কর আদায়ের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক উক্ত কর আদায় কাজে নিয়োজিত জনবলের পারিশ্রমিক ও আনুষঙ্গিকসহ অন্যান্য সমুদয় ব্যয় নির্বাহ করার জন্য সার্ভিস চার্জ কর্তনের সুনির্দিষ্ট বিধিবিধান প্রণীত হয়েছে। সে মতে কর্তনকৃত সার্ভিস চার্জ দ্বারা গঠিত আইজিআর তহবিলের অর্থ কোনো সরকারি রাজস্ব তহবিল সংশ্লিষ্ট কোনো অর্থ নয়।

০৩। টাউন কমিটি (ট্যাক্সেশন) রুলস, ১৯৬১ (সংশোধিত ১৯৬৯) এর উপবিধি- 44A(ii)(10) এ বর্ণিত বিধান মতে আদায়কৃত স্থানীয় সরকার কর হতে উক্ত আদায় সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য মহা-পরিদর্শক, নিবন্ধনকে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণ করতে হয়। দীর্ঘকাল ধরে তদানুসারে প্রতি অর্থ বছরে কর আদায় সংক্রান্ত বিভিন্ন খাতে ব্যয় বাজেট প্রস্তুতক্রমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ বিধিমোতাবেক চাহিদা অনুসারে অনুমোদন সাপেক্ষে বরাদ্দকৃত বাজেট অনুসারে ব্যয় নির্বাহ করা হয়। ফলে এ ব্যয় কোনো অনিয়মিত বা বিধি বহির্ভূত ব্যয় হিসেবে বিবেচনা করার সুযোগ নেই।

০৪। উপরিউক্ত বর্ণনার পরিপ্রেক্ষিতে তাঁর জেলার আইজিআর তহবিল সংক্রান্ত উত্থাপিত অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়টি নিবন্ধন অধিদপ্তরে উত্থাপিত আপত্তি নিষ্পত্তির উপর নির্ভর করছে। ফলে এসব উত্থাপিত আইজিআর তহবিল সংক্রান্ত আপত্তি কোনো কর্মকর্তার ব্যক্তিগত দায় হিসেবে বর্তাবে না। যদি কোনো কর্মকর্তা কর্তৃক প্রদেয় বরাদ্দের অতিরিক্ত অর্থ ব্যয় বা তছরুপ বা এক খাতের অর্থ অন্য খাতে ব্যয়, এরুপ প্রকৃতির আপত্তি উত্থাপিত হয়, তবে সেসব আপত্তি ব্যক্তিগত দায় হিসেবে গণ্য হবে, অন্যথায় নয়।

ইতোমধ্যে নিবন্ধন অধিদপ্তর নিরীক্ষাকালে নিরীক্ষা টীম কর্তৃক আইজিআর তহবিলে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদনকৃত বাজেট বরাদ্দের মাধ্যমে প্রাপ্ত সমুদয় অর্থের ব্যয় বিধি বহির্ভূত ও অনিয়মিত ব্যয় হিসেবে উল্লেখ করে আপত্তি প্রদান করা হয়েছে এবং উক্ত উত্থাপিত আপত্তির যথাযথ প্রমাণকসহ জবাব প্রদান করা হয়েছে। মূলতঃস্থানীয় সরকার বিভাগ কর্তৃক সারাদেশে বিদ্যমান জেলা ও সাব রেজিস্ট্রারের কার্যালয়সমূহে খাতওয়ারি ব্যয়ের উদ্দেশে বরাদ্দকৃত সমুদয় অর্থ নিবন্ধন অধিদপ্তরে ন্যস্ত করা হয় এবং নিবন্ধন অধিদপ্তর কর্তৃক প্রাপ্ত বরাদ্দ হতে মাঠ পর্যায়ের অফিসসমূহে অফিসওয়ারি বিভাজনপূর্বক বরাদ্দ প্রদান করা হয়। নিবন্ধন অধিদপ্তর ও মাঠ পর্যায়ের অফিসসমূহে উত্থাপিত অডিট আপত্তির মূল ভিত্তি এক ও অভিন্ন । মাঠ পর্যায়ের অফিসসমূহে অভিন্ন বিষয়ে অডিট আপত্তি উত্থাপন করা অবান্তর। ফলস্বরুপ, নিবন্ধন অধিদপ্তরের আপত্তি নিষ্পত্তি হলেই মাঠ পর্যায়ের অফিসের আপত্তি স্বয়ংক্রিয়ভাবে (automatically) নিষ্পত্তি বলে গণ্য হবে।

০৫। বর্ণিত অবস্থাধীনে, টিসি শাখাধীন 'আইজিআর তহবিল' হতে উদ্ভূত সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত অডিট আপত্তিসমূহ নিবন্ধন অধিদপ্তর কর্তৃক নিষ্পত্তিযোগ্য এবং ব্যক্তিগত দায় হিসেবে গণ্য হবে না বিধায় প্রযোজ্য ক্ষেত্রে অনাপত্তি সনদে উত্থাপিত অডিট আপত্তি উল্লেখ না করার জন্য তাঁকে বলা হলো।

স্বা/-
কাজী আবদুল হান্নান
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।

জেলা রেজিস্ট্রার, ......................(সকল)।

স্মারক নম্বর: ১০.০৫.০০০০.০০০.০০৪.০১.০০১.২৬-২৮৫(৬১)/ ১৫ তারিখ: ২১ জুন ২০২৬ খ্রি.।

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো:
০১. উপ মহা-পরিদর্শক, নিবন্ধন, বাংলাদেশ, ঢাকা।
০২. রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/সিলেট বিভাগ, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
০৩. প্রশাসনিক কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
০৪. শাখা প্রধান, শাখা-১/২/৩/৪/৫/৬, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
০৫. শাখা-১, ওয়েবসাইটে প্রকাশ করার জন্য।
০৬. অফিস কপি।

21.6.26
কাজী আবদুল হান্নান
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।